Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

**নম্বর:** C-37

**বিষয়:** কমিউনিটি সুপারিনটেনডেন্ট বাছাই

**শ্রেণি:** কর্মী

**ইস্যুর তারিখ:** 1 অগাস্ট, 2019

## পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান 21 সেপ্টেম্বর, 2018 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান C-37 কে রহিত করে এবং এর স্থলাভিষিক্ত হয়।

পরিবর্তনসমূহ:

- স্টেটের আইনের পরিবর্তনের সাথে সামঞ্জস্যবিধানের জন্য প্রার্থীদের সাক্ষাৎকারের পর পিতামাতা ও কর্মচারীদের সাথে আলোচনার প্রক্রিয়াসমূহ হালনাগাদ করা হয়েছে যাতে আলোচনা প্রক্রিয়ার অন্তর্ভুক্ত করা হয়েছে বাধ্যতামূলকভাবে প্রস্তাবিত চূড়ান্ত প্রার্থীদের বা যেসব প্রার্থীদের নিযুক্তির জন্য বিবেচনা করা হচ্ছে, তাদের সাথে বৈঠক করার এবং নিযুক্তিদানের পূর্বে চ্যান্সেলরের কাছে মতামত জানাবার সুযোগ প্রদান হয়েছে।
- প্রবিধানের প্রবিধানের শেষ প্রান্তে যোগাযোগের তথ্য হালনাগাদ করা হয়েছে।
- পাদটিকায় থাকা তথ্য প্রধান লিখিত অংশে স্থানান্তরিত করা হয়েছে যাতে নথিটিকে অধিকতর পাঠযোগ্য করা যায়।

## সারসংক্ষেপ

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ল নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের চ্যান্সেলরকে কমিউনিটি সুপারিনটেনডেন্টদের নিয়োগের অনুমোদন দেয়। এই প্রবিধান কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট সুপারিনটেনডেন্ট পদের জন্য শিক্ষাগত, ব্যবস্থাপনাগত ও প্রশাসনিক যোগ্যতাসমূহ এবং কর্মসম্পাদনা খতিয়ানের মাপকাঠি প্রতিষ্ঠা করে। এটি কমিউনিটি সুপারিনটেনডেন্ট নিয়োগের প্রক্রিয়ার ব্যবস্থা করে।

## I. যোগ্যতা

কমিউনিটি সুপারিনটেনডেন্টদের অবশ্যই নিউ ইয়র্ক স্টেট স্কুল ডিস্ট্রিক্ট লিডার সার্টিফিকেট, অথবা স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট কর্তৃক মঞ্জুরিকৃত সমতুল সার্টিফিকেট থাকতে হবে।

উপরন্তু, প্রার্থীদের নিম্নলিখিত শিক্ষাগত, ব্যবস্থাপনাগত ও প্রশাসনিক যোগ্যতাসমূহ এবং কর্মসম্পাদনা খতিয়ানের মান পূরণ করতে হবে।

A. শিক্ষাগত যোগ্যতা

- সরকারি বা বেসরকারি স্কুলের প্রিন্সিপ্যাল পদে সাফল্যের সঙ্গে কমপক্ষে তিন বছর দায়িত্ব পালনের অভিজ্ঞতা ছাড়াও, প্রবিধান C-30 তে বর্ণিত শিক্ষণবিজ্ঞানসংক্রান্ত কমপক্ষে সাত বছর সাফল্যলাভের অভিজ্ঞতা থাকতে হবে, যদি না এমন হয় যে সে প্রার্থী 22 অগাস্ট 2014 তারিখে বা তারও আগে DOE সুপারিনটেনডেন্ট হিসেবে কাজ করছিলেন;
- ইংরেজি ভাষা আয়ত্বের সকল পর্যায়ে ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার, বিশেষ শিক্ষার শিক্ষার্থী এবং গিফটেড অ্যান্ড ট্যালেনটেড শিক্ষার্থীদের নির্দেশনা চাহিদাগুলো বোঝেন এবং সহায়তা দিয়ে থাকেন নিদের্শনাক্ষেত্রে এমন একজন ব্যাপক অভিজ্ঞতাসম্পন্ন শ্রদ্ধাভাজন, অতীব দক্ষ ব্যক্তির নেতৃত্বদানের প্রদর্শিত প্রমাণ;
- সব শিক্ষার্থীর অর্জন বৃদ্ধিতে এবং মাননিরীক্ষণ এবং/অথবা শিক্ষার্থী অগ্রগতির সূচি দ্বারা নিরূপিত নেতৃত্ব উন্নয়নে সাফল্যলাভের প্রমাণিত রেকর্ড;
- উপাত্ত-নির্ভর সিদ্ধান্তগ্রহণ, চাহিদা-নির্ভর নির্দেশনা এবং উন্নত শিক্ষার্থী অর্জনের চালক হিসেবে অব্যাহত বয়স্ক শিক্ষার প্রতি প্রদর্শিত প্রতিশ্রুতি;
- নির্দেশনার মর্মবস্তুর প্রতি অভিনিবেশ: বিষয়, শিক্ষক এবং শিক্ষার্থীর পরিচ্ছেদন;
- শিল্পকলা শিক্ষা এবং শিক্ষার্থী প্রতিভা উন্নয়নের প্রদর্শিত প্রতিশ্রুতি; এবং
- উল্লিখিত ক্ষেত্রসমূহের জন্য ফলপ্রসূ তত্ত্ব এবং ফলপ্রসূ অনুশীলন সম্পর্কে পরিশীলিত ধারণা ও প্রয়োগ সামর্থ্য:
  - শিক্ষার্থী শিক্ষণ, অগ্রগতি ও উন্নয়ন;
  - সকল অংশগ্রহণকারীর পেশাগত উন্নয়ন;
  - ক্লাসরুমে অনুশীলনের অংশ হিসেবে নির্দেশনাগত প্রযুক্তি;
  - চাহিদানির্ভর নির্দেশনা স্ট্র্যাটেজি, বিশেষ করে উচ্চ চাহিদাযুক্ত শিক্ষার্থীদের জন্য;
  - স্কুলের অব্যাহত উন্নয়নের ভিত্তি হিসেবে গঠনমূলক মূল্যায়ন;

- প্রমাণ-নির্ভর মূল্যায়ন: কর্মচারীদের জন্য চিন্তাশীল অনুশীলন ও লক্ষ্য-নির্ভর সহায়তা।

B. ব্যবস্থাপনা ও প্রশাসনিক যোগ্যতা

1. শিক্ষার্থীর শিখন বৃদ্ধির জন্য সিদ্ধান্তগ্রহণে পিতামাতা ও স্কুল কম্যুনিটিকে সংশ্লিষ্ট করার ক্ষেত্রে প্রমাণিত অঙ্গীকার এবং সামর্থ্য;
2. স্কুল কম্যুনিটির সব সদস্যকে নিয়ে কাজ করার ক্ষেত্রে প্রদর্শিত সামর্থ্য; এবং
3. শিক্ষক ও স্কুল নেতৃত্ব তৈরিতে অভিজ্ঞতা।

*C. ব্যক্তিগত পেশাগত যোগ্যতা*

**নিম্নলিখিত বিষয়গুলির প্রমাণ:**

- নৈতিকতা, সততা, এবং পেশাগত বিষয়ে বিশ্বস্ততার উচ্চ মান;
- কর্মচারী ও স্কুল কমিউনিটির সঙ্গে ভালভাবে কাজ করার সামর্থ্য;
- প্রখর সাংগঠনিক দক্ষতা এবং কার্যকরভাবে যোগাযোগের সামর্থ্য, মৌখিক ও লিখিত উভয় মাধ্যমেই;
- শিক্ষাক্ষেত্রে নেতৃত্বদান এবং শিক্ষার্থী, পিতামাতা, কর্মচারী ও স্কুল কম্যুনিটিকে অনুপ্রাণিত এবং উজ্জীবিত করার সামর্থ্য;
- দ্বন্দ্ব নিরসন, বিতর্কিক পরিস্থিতি প্রশমন, এবং অভিন্ন লক্ষ্যে সব পক্ষকে একত্র করার সামর্থ্য;
- পিছিয়ে থাকা স্কুলগুলোর জন্য চাহিদানির্ভর সহায়তাদানের মাধ্যমে স্কুলগুলির নির্দেশনা নেতৃত্ব গঠন ও ত্বরান্বিত করার উদ্দেশ্যে প্রিন্সিপ্যালদের সঙ্গে অংশী হিশেবে কাজ করার সামর্থ্য;
- পিছিয়ে থাকা স্কুলসমূহের জন্য নির্দেশনা ও চালনগত কেন্দ্রীয় অফিসের দফতরগুলি থেকে পরিষেবা লাভে প্রিন্সিপ্যালদের সহায়তাদানের সামর্থ্য;
- প্রাসঙ্গিক কমিউনিটি সংশ্লিষ্টদের সঙ্গে যোগাযোগ এবং তাদের সম্পৃক্ত করার সামর্থ্য;
- কমিউনিটির কাছে দৃশ্যমান ও সান্নিধ্যবান্ধব হওয়া এবং- কম্যুনিটির অনুষ্ঠানাদিতে উপস্থিত থাকার সামর্থ্য।

D. কর্মসম্পাদনা খতিয়ানের মাপিকাঠি

কমিউনিটি সুপারিনটেনডেন্ট পদের সব প্রার্থীর প্রমাণ করতে পারা উচিত যে তারা নিজেদের বর্তমান ও বিগত ভূমিকায় শিক্ষা, ব্যবস্থাপন ও প্রশাসনিক কার্যকারিতা অর্জনে অব্যাহত অগ্রগতিসাধন করেছেন। শিক্ষার্থী অর্জনে অগ্রগতির ধরন সম্পর্কিত প্রমাণ দিতে হবে।

## II. আবেদন প্রক্রিয়া

কমিউনিটি সুপারিনটেনডেন্ট পদের জন্য কর্মবিজ্ঞপ্তি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। বিজ্ঞাপ্তির জবাবে আবেদন অবশ্যই অনলাইনে জমা দিতে হবে। আবেদন প্রক্রিয়ার অংশ হিশেবে, আবেদনকারীদের আবেদনে বর্ণিত প্রাসঙ্গিক বিষয়সমূহে রচনা ও সুপারিশের চিঠি জমা দিতে হবে।

## III. প্রার্থীদের মূল্যায়ন

চ্যান্সেলর নিযুক্ত ব্যক্তি আবেদনগুলি পর্যালোচনা করবেন এবং ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তিতে সাড়া দিয়ে

যারা আবেদন করেছেন তাদের মধ্য থেকে যোগ্য প্রার্থীদের ইন্টারভ্যু করবেন।

## IV. পিতামাতা ও কর্মচারীদের সঙ্গে পরামর্শ

প্রার্থীদের ইন্টারভ্যুর পর, চ্যান্সেলর নিযুক্ত ব্যক্তি কমিউনিটি সুপারিনটেনডেন্ট পদে প্রস্তাবিত চূড়ান্ত প্রার্থী বা প্রার্থীদের নির্ধারণ করবেন এবং নিশ্চিত করবেন যে ডিস্ট্রিক্ট কমিউনিটি এডুকেশন কাউন্সিল এবং প্রেসিডেন্টস কাউন্সিলের সাথে, পাশাপাশি একজন UFT প্রতিনিধি, একজন CSA প্রতিনিধি এবং একজন DC 37 প্রতিনিধির সঙ্গে পরামর্শ করা হয়েছে। এই পরামর্শের অন্তর্ভুক্ত হবে একটি বৈঠক যেখানে উপর্যুক্ত কাউন্সিল ও কর্মচারী প্রতিনিধিদের প্রস্তাবিত চূড়ান্ত প্রার্থীর (প্রার্থীদের) সঙ্গে মিলিত হওয়ার ও কথাবার্তা বলার এবং চ্যান্সেলরের ভারপ্রাপ্ত ব্যক্তির কাছে অভিমত ব্যক্ত করার সুযোগ অন্তর্ভুক্ত থাকবে। চ্যান্সেলরের ভারপ্রাপ্ত ব্যক্তি একজন প্রার্থীকে কমিউনিটি সুপারিনটেনডেন্ট-এর জন্য চ্যান্সেলরের কাছে সুপারিশ প্রদানের আগে এসব মতামত বিবেচনা করবেন।

## V. বাছাই ও নিয়োগ

সেকশন IV-এ প্রতিষ্ঠিত পরামর্শ এবং কাউন্সিলসমূহ ও কর্মচারিদের প্রতিনিধিদের কাছ থেকে পাওয়া মতামত বিবেচনার পর চ্যান্সেলরের ভারপ্রাপ্ত ব্যক্তি কমিউনিটি সুপারিনটেনডেন্ট পদের জন্য একজন প্রার্থীর নাম চ্যান্সেলরে কাছে সুপারিশ করবেন। যদি চ্যান্সেলর সুপারিশটি গ্রহণ করেন, তাহলে চ্যান্সেলর কমিউনিটি সুপারিনটেনডেন্ট নিয়োগ দেবেন এবং নিশ্চিত করবেন যে উপরে তালিকাভুক্ত কমিউনিটি এডুকেশন কাউন্সিল, প্রেসিডেন্টস কাউন্সিল, এবং ইউনিয়ন প্রতিনিধিদেরকে নিয়োগদানের ব্যাপারে জানানো হয়েছে। যদি চ্যান্সেলর সুপারিশটি প্রত্যাখ্যান করেন তাহলে চ্যান্সেলরের ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই উপরিলিখিত সেকশন III ও IV-এ প্রতিষ্ঠিত পদ্ধতি অনউসারে আরেকজন প্রার্থীর নাম প্রস্তাব করতে হবে।

## VI. ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্টদের দায়িত্বসমূহ

প্রত্যেক কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্টে অবশ্যই সবসময়ে সুপারিনটেনডেন্টের দায়িত্বপালনকারী একজন যোগ্য ব্যক্তি থাকতে হবে। কোনো কারণে (যেমন ইস্তফা, অবসর) যথাযথভাবে নিয়োগকৃত একজন সুপারিনটেনডেন্ট না থাকলে, চ্যান্সেলর একজনকে ভারপ্রাপ্ত সুপারিনটেডেন্ট-এর দায়িত্ব দেবেন। চ্যান্সেলর নিশ্চিত করবেন যে ডিস্ট্রিক্ট কমিউনিটি এডুকেশন কাউন্সিল, প্রেসিডেন্টস কাউন্সিল, এবং UFT, CSA, ও DC 37 প্রতিনিধিদের এই দায়িত্বপ্রদানের কথা অবহিত করবেন। ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্টকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেটের সার্টিফিকেশনের শর্ত পূরণ করতে হবে, অর্থাৎ, তার নিউ ইয়র্ক স্টেট স্কুল ডিস্ট্রিক্ট লিডার সার্টিফিকেট থাকতে হবে।

## VII. ছাড় প্রদান

কমিউনিটি সুপারিনটেনডেন্টরা চ্যান্সেলরের মর্জি অনুযায়ী কাজ করেন। তাদেরকে আগে জানিয়ে বা না জানিয়ে, কোন কারণ দর্শিয়ে বা কারণ ছাড়া অব্যাহতি দেয়া যাবে, এবং তাদের অব্যাহতিপূর্ব বা অব্যাহতি পরবর্তী কোন শুনানি লাভের অধিকার নেই। নিয়োগের শর্ত হিশেবে, তারা সজ্ঞানে এসব অধিকার ত্যাগ করছেন এটি স্বীকারে কমিউনিটি সুপারিনটেডেন্টদেরকে শিক্ষা আইনে প্রদত্ত অধিকারগুলি ত্যাগের একটি ছাড়পত্রে স্বাক্ষর করতে বলা হয়।

## VIII. মনিটরিং

চ্যান্সেলর নিযুক্ত ব্যক্তি এই প্রবিধান বাস্তবায়নের বিষয়টি তদারক করবেন।

## IX. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

অফিস অভ ফার্স্ট ডেপুটি চ্যান্সেলর

N.Y.C. ডিপার্টমেন্ট অভ এডুকেশন

52 Chambers Street - Room 208

New York, NY 10007

ফোন: 212-374-6815

ফ্যাক্স: 212-374-5901